উপজেলা পরিষদ কার্যালয়
মিঠামইন, কিশোরগঞ্জ

## মিঠামইন উপজেলা পরিষদের জুলাই/২০১৩ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ কামরুল আহসান, চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ৩১/০৭/২০১৩ খ্রিঃ, সময় ঃ দুপুর ১২:০০ টা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ, মিঠামইন, কিশোরগঞ্জ। |

সভায় উপস্থিত সদস্য/কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-''ক''এবং অনুপস্থিত সদস্য/কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-''খ'' তে দেখানো হল।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কাজ পরিচালনার জন্য অনুরোধ করেন।

**বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

**১। উপজেলা প্রকৌশল অফিস ঃ**

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো বলেন যে, বর্তমান অর্থ বছর অর্থাৎ ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য কোন বরাদ্দ এখনো পর্যন্ত পাওয়া যায়নি। সভাপতি বলেন যে, গেজেটেড কোয়ার্টার করতোয়া মেরামত করা প্রয়োজন। তাছাড়া কর্মকর্তাদের আবাসন সংকট রয়েছে এবং এ কারণে এটি উর্ধ্বমুখী সম্প্রসারণ করা প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** গেজেটেড কোয়ার্টার করতোয়া মেরামতসহ এটি উর্ধ্বমুখী সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
**বাস্তবায়নে ঃ** ১। উপজেলা প্রকৌশলী, মিঠামইন,কিশোরগঞ্জ।

**২। উপজেলা ত্রাণ ও পুনর্বাসন শাখা ঃ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার শাখার স্বাভাবিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো বলেন যে, বর্তমান অর্থ বছর অর্থাৎ ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য কোন বরাদ্দ এখনো পর্যন্ত পাওয়া যায়নি। বিভিন্ন বরাদ্দ প্রাপ্তির পূর্বেই প্রয়োজনীয় প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি অনুরোধ করেন।

**৩। উপজেলা কৃষি অফিস ঃ**

উপজেলা কৃষি অফিসার (ভারঃ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না।

**সিদ্ধান্ত**-১ ঃ মাসিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়নে ঃ** ১। উপজেলা কৃষি অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**৪। উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ঃ**

উপজেলা পরিবার পরিকল্পনা (ভারঃ) কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না।

**সিদ্ধান্ত**-১ ঃ মাসিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়।

**৫। উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ**

মিঠামইন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না।

**৬। উপজেলা শিক্ষা অফিস ঃ**

উপজেলা শিক্ষা অফিসার (ভারঃ) সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম ভালভাবে চলছে। তবে তিনি বলেন যে, জনবল সংকটের কারণে দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে পরিচালনায় কিছুটা সমস্যা সৃষ্টি হচ্ছে বলেও তিনি জানান।

**সিদ্ধান্ত**-১ ঃ শূন্য পদ পূরণের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, মিঠামইন, কিশোরগঞ্জ।

**৭। উপজেলা মৎস্য অফিস ঃ**

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম ভালভাবে চলছে। নিষিদ্ধ জাল

পরবর্তী পৃষ্ঠা-২

ব্যবহার করে যাতে কেউ মৎস্য সম্পদের ক্ষতি করতে না পারে সে জন্য মনিটরিং জোরদার করতে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত-১ ঃ** নিষিদ্ধ জালের ব্যবহার বন্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১।** সিনিয়ার উপজেলা মৎস্য কর্মকর্তা, মিঠামইন, কিশোরগঞ্জ।

**৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় ঃ**

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নাই।

**সিদ্ধান্ত-১।** সার্বক্ষণিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মিঠামইন, কিশোরগঞ্জ।

**৯। উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে, কোন সমস্যা নেই।

**১০। উপজেলা সমাজ সেবা অফিস ঃ**

উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি বলেন যে, বিভিন্ন ভাতাভোগীগণ যাতে সময়মত তাদের ভাতাদি পেতে পারেন সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১।** উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মিঠামইন, কিশোরগঞ্জ।
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-২ ঃ** খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মিঠামইন, কিশোরগঞ্জ।

**১১। উপজেলা জনস্বাস্থ্য অফিস ঃ**

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মিঠামইন সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে, কোন সমস্যা নাই।

**১২। উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ**

উপজেলযা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা গেল না।

**১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ**

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্থাপিত কম্পিউটার ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার সভায় অনুরোধ করেন।

**সিদ্ধান্ত-১ ঃ** মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিতভাবে পরিদর্শনসহ এ গুলোর মনিটরিং জোরদার করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১।** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
২। উপজেলা একাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-২ ঃ** যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে সে গুলো ভালভাবে চলছে কিনা এবং এ গুলো থেকে ছাত্র-ছাত্রী, শিক্ষক ও জনগণ যথাযথভাবে সেবা পাচ্ছে কি না তা নিয়মিতভাবে পরিদর্শন ও মনিটর করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১।** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
২। উপজেলা অ্যাকাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জ।

**১৪। উপজেলা সমবায় অফিস ঃ**

উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্য্যক্রম চলছে, কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ ১।** সমবায় বিভাগের কার্যক্রম যথাযথভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা, মিঠামইন, কিশোরগঞ্জ।

**১৫। পল্লী উন্নয়ন বিভাগ ঃ**

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে বলে সভায় জানান। সভাপতি একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রম আন্তরিকতার সাথে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত ঃ** একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে যথাযথভাবে পরিচালনা করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১।** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।

পরবর্তী পৃষ্ঠা-৩

**১৬। বন বিভাগ ঃ**

ফরেষ্টার, বনায়ন ও নার্সারী কেন্দ্র, মিঠামইন সভায় উপস্থিত না থাকায় বন বিভাগের কার্যক্রম নিয়ে আলোচনা করা গেল না।

**১৭। বিবিধ ঃ**

**(ক) ডিজিটাল বাংলাদেশ্‌ অগ্রগতি ও অর্জন ঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। তিনি ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সক্রিয় ভূমিকা পালনের জন্য অনুরোধ জানান। তিনি ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের কার্যক্রম যথাযথভাবে চালানোর জন্য এবং মাধ্যমিক বিদ্যালয়ে স্থাপিত কম্পিউটার ল্যাবসমূহ যথাযথভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। পাশাপাশি ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের বহুমুখী সেবাসহ ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিদেশে কথা বলাসহ নানাবিধ সুবিধাদির বিষয়ে প্রচারণার মাধ্যমে সাধারণ মানুষকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্টদেরকে অনুরোধ করেন। তাছাড়া ইউনিয়ন পর্যায়ে জন্ম নিবন্ধন কার্যক্রম অন-লাইনের মাধ্যমে করতে হবে বলেও তিনি জানান। উপজেলা নির্বাহী অফিসার আরো বলেন যে, উপজেলা এবং ইউনিয়ন পোর্টাল তৈরীর কাজ সম্পন্ন করে নিয়মিতভাবে তথ্যাদি আপলোড ও আপডেট করতে হবে।

**সিদ্ধান্ত-১ ঃ** ইউনিয়ন ও উপজেলা পোর্টাল প্রস্তুতের কাজ সম্পন্ন করে নিয়মিতভাবে তাতে মানসম্পন্ন তথ্যাদি ও ছবি আপলোড করতে হবে এবং তা নিয়মিতভাবে আপডেট করতে হবে ।

**বাস্তবায়নে ঃ** ১। সকল বিভাগীয় প্রধান, মিঠামইন, কিশোরগঞ্জ।
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ ।

**সিদ্ধান্ত-২ ঃ** ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউআইসি)সমূহ যথাযথভাবে পরিচালনা করতে হবে এবং এগুলোর সেবা সম্পর্কে জনগণের মধ্যে ব্যাপক প্রচার করতে হবে এবং এগুলোর কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি নিয়মিতভাবে আপলোড করতে হবে।

**বাস্তবায়নে ঃ** চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৩ ঃ** বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবগুলো যাতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের মাধ্যমে যথাযথভাবে পরিচালিত হয় এবং স্কুলের ছাত্র-ছাত্রীসহ এলাকার জনগণ যাতে সুবিধা লাভ করতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
২। উপজেলা একাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জ।

**(খ) মিঠামইন উপজেলা পরিষদের কর্মরত এমএলএসএস এর পদত্যাগ সংক্রান্ত ঃ**

উপজেলা পরিষদের কর্মরত এম,এল,এস,এস জনাব মোঃ মোমিনুর রহমান গত ২৩/০৬/২০১৩ খ্রিঃ তারিখে চাকুরী থেকে ইস্তফা দিয়ে একখানা লিখিত পদ ত্যাগপত্র দাখিল করেন। তার দাখিলকৃত পদত্যাগ পত্রটি বিধিমোতাবেক গৃহীত হয়। উপজেলা পরিষদের স্বাভাবিক কার্যক্রম পরিচলনার জন্য পদত্যাগের ফলে শূন্য হওয়া পদ পূরণের জন্য সভাপতি কর্তৃক সভায় অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** মিঠামইন উপজেলা পরিষদের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এমএলএসএস এর শূন্য পদে বিধিমোতাবেক একজন এমএলএসএস নিয়োগ দিতে হবে।

**বাস্তবায়নে ঃ** ১। চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/-
(মোঃ কামরুল আহসান)
সভাপতি
ও
চেয়ারম্যান
মিঠামইন উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ

পরবর্তী পৃষ্ঠা-৪

স্মারক নং-উঃপঃ/মিঠাঃ/সভা/৩৫(৪০) তারিখ ঃ ৩১/০৭/২০১৩ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৪, বাংলাদেশ জাতীয় সংসদ, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
৬। চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
৭। ভাইস চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ
৯। ............................................................................................................................................।
১০। চেয়ারম্যান, ............................................ ইউপি ও সদস্য, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
১১। অফিস কপি।

(মোহাম্মদ সাদেকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মিঠামইন, কিশোরগঞ্জ
ফোন ঃ ০৯৪৩৫-৫৬০০১ (অঃ)
ফ্যাক্স ঃ ০৯৪৩৫-৫৬০৩৫
E-mail: unomithamoin@mopa.gov.bd

**পরিশিষ্ট- 'ক'**

সভায় উপস্থিত উপদেষ্টা/সদস্যদের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী/পরিচয় | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ রইছ উদ্দিন আহাম্মদ | চেয়ারম্যান, কাটখাল ইউঃ পিঃ মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ২ | জনাব মোঃ আফতাব উদ্দিন | চেয়ারম্যান, কেওয়ারজোর ইউঃ পিঃ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৩ | জনাব মোঃ মোকসেদুল আলম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৪ | জনাব মোঃ বিল্লাল হোসেন মজুমদার | উপজেলা সমাজসেবা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৫ | জনাব মোঃ শরীফ কামাল এডভোকেট | চেয়ারম্যান, মিঠামইন ইউঃ পিঃ, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৬ | জনাব কিশোরী লাল গোস্বামী | উপজেলা সমবায় অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৭ | জনাব মোহাম্মদ রমজান আলী | উপজেলা শিক্ষা অফিসার (ভারঃ), মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৮ | জনাব মোঃ মনিরুজ্জামান | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মিঠামইন,কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৯ | জনাব মোঃ নূরুল হক | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১০ | জনাব মোহাম্মদ নূরুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মিঠামইন,কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১১ | জনাব মোঃ ইফতেখার আহমেদ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১২ | জনাব ডাঃ আল মাহমুদ লেমন | পক্ষে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৩ | জনাব মোঃ মোতালেব হোসেন | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মিঠামইন | অস্পষ্ট |
| ১৪ | জনাব মোঃ আহসানুল জাহীদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৫ | জনাব মাহবুবা রহমান | মহিলা ভাইস-চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৬ | জনাব মোঃ আইয়ুব আলী | ভাইন চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৭ | জনাব কৃষ্ণ চন্দ্র রায় | উপজেলা প্রকৌশলী, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৮ | জনাব মোঃ মজিবুর রহমান | চেয়ারম্যান, ঢাকী ইউপি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৯ | জনাব সাহাবউদ্দিন আহম্মদ | চেয়ারম্যান, বৈরাটি ইউপি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |

পরবর্তী পৃষ্ঠা-৫

**পরিশিষ্ট- 'খ'**

সভায় অনুপস্থিত সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব নূরূল হক বাচ্চু | চেয়ারম্যান, গোপদিঘী ইউপি, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ২ | ---------------------------- | ফরেষ্টার, বনায়ন ও নার্সারী কেন্দ্র, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৩ | | |
| ৪ | জনাব সেলিম মিয়া | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মিঠামইন,কিশোরগঞ্জ |
| ৫ | জনাব এন,এম, বদরুজ্জামান তালুকদার | উপজেলা একাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জ। |
| ৬ | জনাব মোঃ ফরিদুজ্জামান | উর্ধ্বতন উপঃ সহকারী প্রকৌশলী (সেচ), মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৭ | -------------------- | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মিঠামইন,কিশোরগঞ্জ |
| ৮ | জনাব মোঃ সাইফুর রহমান খান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৯ | জনাব বোরহান উদ্দিন চৌধুরী | চেয়ারম্যান, ঘাগড়া ইউপি, মিঠামইন, কিশোরগঞ্জ |

**সমাপ্ত**